



প্রকৃত দিগংশ (True Bearing):

ভৌগোলিক দ্রাঘিমা রেখা ও অন্য কোন রেখার মধ্যে উৎপন্ন কোনকে প্রকৃত দিগংশ বা True Bearing বলে। এক্ষেত্রে প্রতিটি দ্রাঘিমা রেখা প্রকৃত উত্তর দিককে নির্দেশ করে। তাই যে কোন দ্রাঘিমা রেখার সাপেক্ষে উৎপন্ন কোন প্রকৃত দিগংশ বা True Bearing নির্দেশ করে।

চৌম্বক দিগংশ (Magnetic Bearing):

চুম্বক শলাকা অর্থাৎ চৌম্বক উত্তর মেবুর (Magnetic North Pole) সাপেক্ষে কোন রেখার অনুভূমিক কৌণিক দূরত্বকে চৌম্বক দিগংশ বলে।


পূর্ণবৃত্তীয় দিগংশ (Whole circle bearing):

উল্লেখকারী রেখার উত্তর দিক থেকে ঘড়ির কাঁটার ন্যায় ডান দিকে বৃত্তকে বেটন করে কোন রেখার যে দিগংশ পরিমাপ করা হয় তাকে পূর্ণবৃত্তীয় দিগংশ বা Whole circle bearing বলে। এক্ষেত্রে উত্তর মেবু রেখাকে 0° ধরে 360° পর্যন্ত পরিমাপ করা হয়।


হ্রাসপ্রাপ্ত দিগংশ (Reduced bearing):

কোন রেখার পূর্ণবৃত্তীয় দিগংশকে ঐ রেখার অন্তর্গত বৃত্তপাদ অনুযায়ী হ্রাস করা হলে তাকে হ্রাসপ্রাপ্ত দিগংশ বা Reduced bearing বলে। এই প্রকার দিগংশ কোয়ান্টাল পদ্ধতির মাধ্যমে পরিমাপ করা হয়। ম্যাগনেটিক কম্পাসের উত্তর দক্ষিণ রেখা ও পূর্ব পশ্চিম বিস্তৃত দুটি সরলরেখা পরস্পর সমকোণে ছেদ করলে কোন তল চারটি বৃত্তপাদে (Quadrant) ভাগ হয়। বৃত্তপাদ গুলিকে I, II, III, IV এইভাবে প্রকাশ করা হয়। দিক অনুসারে উ: পূ: I বৃত্তপাত, দ: পূ: II, দ: প: III এবং উ: প: দিককে IV বৃত্তপাত বলে।

I বৃত্তপাদে দিগংশের মান 90° বেশি হয় না। II-এর মান $90^\circ-180^\circ$ মধ্যে থাকে। III-এর মান $180^\circ-270^\circ$ এবং IV-এর মান $270^\circ-360^\circ$ এর মধ্যে থাকে। তবে হ্রাসপ্রাপ্ত দিগংশ সর্বদা $0^\circ-90^\circ$ -এর মধ্যে থাকে এবং সেই মানের সাথে বৃত্তপাদ উল্লেখ থাকে।



[Fig. - 4.27]



[Fig. - 4.28]

পূর্ববর্তী দিগংশ থেকে হ্রাসপ্রাপ্ত দিগংশ পরিবর্তন পদ্ধতি নিম্নোক্ত সারণীতে দেখানো হল:

Quadrant	W. C. B.	Reduced Bearing
NE	$0^{\circ}-90^{\circ}$	$W.C.B = RB; N\theta E$
SE	$90^{\circ}-180^{\circ}$	$180^{\circ}-W.C.B = R.B.; S(180^{\circ}-\theta)E$
SW	$180^{\circ}-270^{\circ}$	$WCB-180^{\circ} = R.B.; S(\theta-180^{\circ})W$
NW	$270^{\circ}-360^{\circ}$	$360^{\circ}-W.C.B = R.B.; N(360^{\circ}-\theta)W$